

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পররাষ্ট্র মন্ত্রণালয়  
পূর্ব ইউরোপ ও সিআইএস অনুবিভাগ  
ঢাকা

নং-১৯.০০.০০০০.৪৮৪.৫১.৬০২.১৯- ৪৮০

০৫ অক্টোবর ২০২১

প্রেরকঃ ফুয়াদ হাসান পরাগ  
সহকারী সচিব (পূর্ব ইউরোপ ও সিআইএস)  
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

প্রাপকঃ জনাব মোঃ ইমদাদুল হক  
মাননীয় পররাষ্ট্রমন্ত্রীর সহকারী একান্ত সচিব  
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

বিষয়ঃ আগামী ০৬-১০ অক্টোবর ২০২১ তারিখে রোমানিয়ার পররাষ্ট্রমন্ত্রীর আমন্ত্রণে দ্বিপাক্ষিক সফরে অংশগ্রহণের উদ্দেশ্যে বাংলাদেশ প্রতিনিধিদলের সদস্য হিসেবে জনাব মোঃ ইমদাদুল হক, মাননীয় পররাষ্ট্রমন্ত্রীর সহকারী একান্ত সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়-এর রোমানিয়ায় সরকারি সফরের প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে আগামী ০৬-১০ অক্টোবর ২০২১ তারিখে রোমানিয়ার রাজধানী বুখারেস্টে অনুষ্ঠিতব্য পররাষ্ট্রমন্ত্রী পর্যায়ের দ্বিপাক্ষিক সফরে বাংলাদেশ প্রতিনিধিদলের সদস্য হিসেবে অংশগ্রহণের জন্য আপনার অনুকূলে প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন করছে।

০২। এ প্রশাসনিক মঞ্জুরি নিম্নবর্ণিত শর্ত ও বিধি সাপেক্ষে প্রযোজ্য হবেঃ

ক) উপর্যুক্ত সভায় অংশগ্রহণকালে (ভ্রমণকাল, ট্রানজিটকালসহ) যাপনি সরকারি কাজে কর্তব্যরত রয়েছেন বলে গণ্য হবেন এবং আপনি বেতন ভাতার কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না।

খ) এ সফরের ব্যয়ভার পররাষ্ট্র মন্ত্রণালয়ের ২০২১-২০২২ অর্থ বছরের বাজেট বরাদ্দের সংশ্লিষ্ট খাত থেকে নির্বাহ করা হবে।

গ) উপর্যুক্ত সফরে অংশগ্রহণের জন্য আপনি আগামী ০৬ অক্টোবর ২০২১ বা তার নিকটবর্তী তারিখে বুখারেস্ট, রোমানিয়ার উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন এবং ১০ অক্টোবর ২০২১ বা তার নিকটবর্তী তারিখে বুখারেস্ট, রোমানিয়া ত্যাগ করবেন।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

স্বাঃ

(ফুয়াদ হাসান পরাগ)

সহকারী সচিব (পূর্ব ইউরোপ ও সিআইএস)

ফোন-০২-২২৩৩৫০০০৮

ইমেইলঃ [aseencis@mofa.gov.bd](mailto:aseencis@mofa.gov.bd)

০৫ অক্টোবর ২০২১

নং-১৯.০০.০০০০.৪৮৪.৫১.৬০২.১৯- ৪৮০

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে)-

- ১। মহাপরিচালক (প্রশাসন), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (পররাষ্ট্র বিষয়ক), ১ম ১২ তলা সরকারী অফিস ভবন (৯ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। পরিচালক (এফএমও/এসএমও/এফএসও/সংস্থাপন/অর্থ)/ রাষ্ট্রাচার উপ-প্রধান (সফর), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সিঃ সহকারী সচিব/সহকারী সচিব (সংস্থাপন-১/বাজেট/তহবিল), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। এস এস (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ৭। বাংলাদেশ দূতাবাস, বুখারেস্ট/রোমানিয়া।
- ৮। অফিস কপি।

(ফুয়াদ হাসান পরাগ)

সহকারী সচিব (পূর্ব ইউরোপ ও সিআইএস)